সোনায় মোড়ানো স্মার্টফোন আনছে শাওমি

ডিসপ্লের দিকে তাকালে মনে হবে সাধারণ কোনো স্মার্টফোন। কিন্তু পেছনের অংশের দিকে চোখ গেলেই টাসকি খাবে যে কেউ। পুরো ব্যাক প্যানেলটিই সোনার, এমন স্মার্টফোন আনছে চীনের শাওমি।

জি নিউজ জানায়, পুরো ব্যাক প্যানেলটিতে সোনার আবরণ তো থাকছেই, সেই সঙ্গে থাকছে হীরার নকশায় লেখা মডেলের নাম।

মূলত শাওমি কে টুয়েন্টি প্রো-এর সিগনেচার এডিশনকে এই রূপ দিচ্ছে স্মার্টফোন কোম্পানিটি। ফোনের অন্যান্য ফিচার অবশ্য একই রাখা হচ্ছে।

শাওমি সূত্রে জানা গেছে, প্রচারণার অংশ হিসেবে ভারতে এই ফোন ছাড়া হবে। এই এডিশনের মাত্র ২০টি ফোন ছাড়া হবে। এই ফোনের দাম রাখা হবে ৪.৮০ লাখ রুপি।

ভারতের কোম্পানিটির প্রধান কর্মকর্তা মনুকুমার জৈন বলেন, “প্রায় ১০০ গ্রাম সোনা দিয়ে তৈরি হবে ফোনের ব্যাক প্যানেল। এখন অবধি দুটি সেট তৈরি করা হয়েছে। তবে ফোনটি বিক্রি করা হবে না উপহার হিসেবে দেওয়া হবে সে বিষয়ে এখনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।”

তবে ফোনগুলি নিলামে তোলার সম্ভাবনাও উড়িয়ে দিলেন না তিনি। নিলামে সংগৃহীত টাকা সমাজসেবামূলক কাজে দান করার কথা ভাবছে চীনা কোম্পানিটি।

মনুকুমার আরও জানান, ফোনটির ব্যাপারে জানাজানি হওয়ার পর থেকেই অনেকেই এটি কেনার বিষয়ে আগ্রহ দেখিয়েছেন। এমনকি বেশি টাকার বিনিময়ে হীরা দিয়ে নিজের নামের আদ্যক্ষর লেখারও অনুরোধ করছেন অনেকে।